# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

**প্রধান কার্যালয়**

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

**সঞ্চয় ও ঋণ বিভাগ**

স্মারক নং পসব্য/প্রকা/পরি-২২(অংশ-০২)/২০২৩-২৪/৯১৭ তারিখ: ০৩/০৪/২০২৪খ্রি:

সকল শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক।

**বিষয়: ব্যাংকের সকল ঋণ CBS মডিউল থেকে বিতরণ।**

প্রিয় মহোদয়,

পল্লী সঞ্চয় ব্যাংকে বর্তমানে ০৭ টি ঋণ প্রোডাক্ট চালু রয়েছে যা সিবিএস ও মাইক্রোফিনান্স নামে ২টি মডিউলে বিতরণ করা হয়। আগামী ১৫ এপ্রিল, ২০২৪ তারিখ থেকে ঋণ বিতরণের ক্ষেত্রে মাইক্রোফিনান্স মডিউল বন্ধ করে শুধু সিবিএস মডিউল চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। বর্ণিত অবস্থায় নতুন ঋণ বিতরণের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা অনুসরণপূর্বক ঋণ বিতরণের জন্য নির্দেশ দেয়া হলো:

ক) আগামী ১৫ এপ্রিল, ২০২৪ তারিখ থেকে সকল ঋণ সিবিএস মডিউল থেকে বিতরণ করতে হবে এবং মাইক্রোফিনান্স মডিউল থেকে কোন নতুন ঋণ বিতরণ করা যাবেনা। মাইক্রোফিনান্স মডিউলে বিদ্যমান ঋণসমূহ পূর্ণপরিশোধ হলে ঋণগ্রহীতাগণকে সিবিএস মডিউল থেকে নতুন ঋণ বিতরণ করা যাবে।

খ) নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে সমিতিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত না করে কাউকে ঋণ বিতরণ করা যাবে না। নতুন সদস্যের সমিতিতে অন্তর্ভুক্তির পর ন্যূনতম ৩/৪ মাস মাসিক সঞ্চয় (ন্যূনতম ২০০/-) আদায় নিশ্চিতকরণ পূর্বক ঋণ বিতরণ করতে হবে।

গ) মাঠ সহকারীদের সন্তোষজনক সুপারিশ সাপেক্ষে ঋণ বিতরণ করতে হবে।

ঘ) সমিতিতে ব্যালেন্স থাকলেও "মাইক্রোফাইন্যান্স (পিএসবি)" ঋণ প্রোডাক্ট থেকে ঋণ প্রদান করা যাবে।

২) এমতাবস্থায়, মাইক্রোফিনান্স মডিউলের ঋণসমূহ দ্রুত আদায়ের ব্যবস্থা গ্রহণ করত উপরিউক্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশ দেয়া হলো।

অনুমোদনক্রমে,

০৩/০৪/২০২৪

(মো: আলা উদ্দিন)
মহাব্যবস্থাপক

---

স্মারক নং- পসব্য/প্রকা/পরি-২২(অংশ-০২)/২০২৩-২৪/ তারিখ: ০৩/০৪/২০২৪খ্রি:

সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
২। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। বিভাগ প্রধান (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক।
৬। সকল নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক।
৭। বিভাগীয় প্রধান, আইসিটি সিস্টেম বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, কে উপরিউক্ত নির্দেশনাটি সিবিএস সফটওয়্যারে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।
৮। অফিস নথি।

(মোঃ রুহুল আমিন)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার